



দৈনিক ইত্তেফাক

প্রতিষ্ঠাতা ওয়াজেদ হোসেন মাসিক মিয়া

যাদের কোনো যোগ্যতা নেই তারা এখন বিশ্ববিদ্যালয়গুলোর ভিসি----- ড. জাফর ইকবাল

 সিলেন্ট অফিস  ২৮ জুলাই, ২০১৮ ইং ০০:০০ মিঃ

যাদের কোনো যোগ্যতা নেই তারা এখন বিশ্ববিদ্যালয়গুলোর ভিসি বলে মন্তব্য করেছেন খ্যাতিমান কথাসাহিত্যিক প্রফেসর ড. মুহম্মদ জাফর ইকবাল। গতকাল শুক্রবার শাহজালাল বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের কেন্দ্রীয় মিলনায়তনে দুই দিনব্যাপি ন্যাশনাল ক্যাম্পাস জার্নালিজম ফেস্টিভ্যাল উদ্বোধনকালে তিনি এ কথা বলেন। উপস্থিত সাংবাদিকরা এ সময় হাত তালি দিলে তিনি বলেন, আমি জানি না আমার এ কথায় হাত তালি দেওয়ার কারণ কি? কেননা এটাতো সবাই জানে। এখনকার বিশ্ববিদ্যালয়গুলোতে লবিংয়ের মাধ্যমে ভাইস-চ্যান্সেলর নিয়োগ দেওয়া হয়। তিনি সংবাদপত্রের অনলাইন সংস্করণের ব্যাপারে উচ্ছ্বাসিত হয়ে বলেন, আমি খুব খুশি এখন অনলাইনে পত্রিকা পড়া যাচ্ছে। কেননা কাগজের মাধ্যমে পত্রিকা ছাপালে পৃথিবীর কোথাও না কোথাও একটা গাছ কাটা পড়ছে।

শাবি প্রেসক্লাবের সভাপতি আব্দুল্লাহ আল মনসুরের সভাপতিত্বে ও সাধারণ সম্পাদক ফয়জুল্লাহ ওয়াসিফের সঞ্চালনায় অনুষ্ঠানে আরো বক্তব্য রাখেন শাবির কোষাধ্যক্ষ অধ্যাপক ড. ইলিয়াস উদ্দিন বিশ্বাস, ছাত্র উপদেষ্টা ও নির্দেশনা পরিচালক অধ্যাপক ড. রাশেদ তালুকদার, আধুনিক ভাষা ইনস্টিটিউটের পরিচালক অধ্যাপক ড. হিমাদ্রী শেখর রায়, চ্যানেল টুয়েন্টিফোরের বিজনেস এডিটর ফারুক মেহেদী, বাংলাদেশ জার্নালের যুগ্ম বার্তা সম্পাদক মুস্তফা মনওয়ার সূজন, শাবি প্রেসক্লাবের সাবেক সভাপতি সায়েদ আব্দুল্লাহ যীশু, আজগর খান, যুগ্ম-সম্পাদক আবু সায়েম প্রমুখ। উদ্বোধন পর্ব শেষে সাংবাদিকতায় নিজের অভিজ্ঞতা, সমস্যা এবং সম্ভাবনা তুলে ধরেন যমুনা টিভির বিশেষ প্রতিনিধি মোহসিন উল হাকিম ও মাছারাঙা টিভির বিশেষ প্রতিনিধি বদরুদ্দোজা বাবু। এর আগে ক্যাম্পাসে একটি শুভা যাত্রা বের হয়।

ভারপ্রাপ্ত সম্পাদক: তাসমিমা হোসেন।

ইত্তেফাক গ্রুপ অব পাবলিকেশন্স লিঃ-এর পক্ষে তারিন হোসেন কর্তৃক ৪০, কাওরান বাজার, ঢাকা-১২১৫ থেকে প্রকাশিত ও মুহিবুল আহসান কর্তৃক নিউ নেশন প্রিন্টিং প্রেস, কাজলারপাড়, ডেমরা রোড, ঢাকা-১২৩২ থেকে মুদ্রিত।

© প্রকাশক কর্তৃক সর্বস্বত্ব সংরক্ষিত